



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ
নন্দনকানন, চট্টগ্রাম-৪০০০

www.dpe.chittagongdiv.gov.bd



স্মারক নং- ৩৮.০১.২০০০.০০০.২৭.০৭১.২৪- ৭৪ এ

তারিখ : ২৮/০৩/২০২৪ খ্রি.

"অফিস আদেশ"

যেহেতু, খাগড়াছড়ি পার্বত্য জেলার মাটিরাঙ্গা উপজেলাধীন জাফরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব মোঃ মনিরুল ইসলাম এর বিরুদ্ধে উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে অসৌজন্যমূলক ও উদ্ধত্যপূর্ণ আচরণের অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি ১৫/০৬/২০২৩ তারিখের ৩৮.০১.৪৬০০.০০০.০৮.০০১.০৬.২৩-৭৯৫ নং স্মারক মোতাবেক বিভাগীয় মামলা রুজু করা হয় ;

যেহেতু, আপিলকারী সহকারী শিক্ষক জনাব মোঃ মনিরুল ইসলাম এর লিখিত জবাব, দাখিলকৃত কাগজপত্র, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪ এর (৫) (গ) বিধি মোতাবেক ০১ টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত করে লঘুদণ্ড প্রদান করা হয়। উক্ত স্থগিতকৃত বেতন পরবর্তীতে তিনি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না মর্মে লঘুদণ্ড প্রদান করা হয়।

যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম উক্ত আদেশের বিরুদ্ধে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যথাসময়ে আপিল আবেদন দাখিল করেন;

যেহেতু, আপিলকারীর ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, লিখিত জবাব, দাখিলকৃত কাগজপত্র এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র সার্বিক পর্যালোচনায় উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে অসৌজন্যমূলক ও উদ্ধত্যপূর্ণ আচরণের বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমানিত হয়নি;

সেহেতু, খাগড়াছড়ি পার্বত্য জেলার মাটিরাঙ্গা উপজেলাধীন জাফরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব মোঃ মনিরুল ইসলাম এর আপিল মঞ্জুরপূর্বক জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি ১৪/১১/২০২৩ তারিখের ৩৮.০১.৪৬০০.০০০.০৮.০০১.২৩-১৭৮০/৬ নং স্মারক মূলে প্রদত্ত দন্ডাদেশটি রদ ও রহিত করে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(ড. মো : শফিকুল ইসলাম)

বিভাগীয় উপপরিচালক

ফোনঃ ০২৩৩৩০৫৫২৫৩

Email:ddchitt@gmail.com

স্মারক নং- ৩৮.০১.২০০০.০০০.২৭.০৭১.২৪- ৭৪৫/৬

তারিখ : ২৮/০৩/২০২৪ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। মাননীয় চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

২। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।

দৃষ্টি আকর্ষণ : সহকারী পরিচালক (পলিসি এন্ড অপারেশন)

৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৪। উপজেলা শিক্ষা অফিসার, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি। (বর্নিত শিক্ষকের চাকুরি খতিয়ান বহিতে লিপিবদ্ধকরণের অনুরোধ করা হলো)।

৫। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি।

৬। জনাব মোঃ মনিরুল ইসলাম, সহকারী শিক্ষক, জাফরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি।

৭। সংরক্ষণ নথি।

(ড. মো : শফিকুল ইসলাম)

বিভাগীয় উপপরিচালক

২৮/০৩/২৪